দৈনিক
আমাদেরসময়

তারিখ ... 10 NOV 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6.

# প্রাথমিকের বইয়ের কভারে প্রধানমন্ত্রীর ছবি

নিজস্ব প্রতিবেদক ● আগামী শিক্ষাবর্ষে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত প্রাথমিকের সব বইয়ের কভারে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি থাকবে। সব বইয়ের পেছনের কভারে শেখ হাসিনার নতুন বই বিতরণের রঙিন ছবি স্থান পাবে। ছবির নিচে থাকছে স্লোগান 'শিক্ষা নিয়ে গড়বো দেশ/শেখ হাসিনার বাংলাদেশ।' এবার প্রাথমিকের শিক্ষার্থীদের জন্য ১০ কোটি ৫১ লাখ ৩৬ হাজার বই ছাপা হচ্ছে।

প্রতিবছর ১ জানুয়ারি বিনামূল্যের বই বিতরণ করা হয়। বই বিতরণ উপলক্ষে ওইদিন বই উৎসব পালন করে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ উজ জামান গতকাল সাংবাদিকদের জানান, আগামী শিক্ষাবর্ষে প্রাথমিকের সব বইয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি থাকছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানান, প্রাথমিকের বইয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি অন্তর্ভুক্ত করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সুপারিশ ছিল। আগামী শিক্ষাবর্ষে বিতরণের জন্য ছাপা হওয়া প্রাথমিকের কয়েকটি শ্রেণির বইয়ে দেখা গেছে, বইয়ের পেছনের কভারে প্রধানমন্ত্রীর ছবি ও নিচে স্লোগান ছাড়াও বিভিন্ন নীতিবাক্য রয়েছে।